

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এফ,ই সার্কুলার নং - ০১

তারিখঃ মাঘ ২৫, ১৪১২
ফেব্রুয়ারী ০৭, ২০০৬

বৈদেশিক মুদ্রা লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

আমদানি নীতি আদেশ (২০০৩-২০০৬) বলবৎ করা পুসংগে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত সার্কুলার পত্র নং এফইপিডি(আমদানি-১)১২৩/২০০৪-৪৪০ তারিখ মে ১৫, ২০০৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

উক্ত সার্কুলার পত্রের মাধ্যমে আমদানি নীতি আদেশ ২০০৩-২০০৬ অনুসরণের নির্দেশনা দেওয়ার প্রেক্ষিতে নীট পোশাক ও সোয়েটারসহ সকল ধরনের তৈরী পোশাক রপ্তানীর ক্ষেত্রে মূল্য সংযোজনের মাত্রার বিষয়ে আমদানি নীতি আদেশ ২০০৩-২০০৬ এর ২৪.৭.১.৩ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা (অপর পৃষ্ঠায় পুনঃমুদ্রিত) কার্যকর করা হইয়াছে। এমতাবস্থায়, আগষ্ট ১৬, ১৯৯৮ তারিখের এফ,ই সার্কুলার নং ০৮ এর ২(ক)(১) নং অনুচ্ছেদে বর্ণিত নীট পোশাক রপ্তানীর ক্ষেত্রে মূল্য সংযোজনের মাত্রার বিষয়ে জ্ঞাপিত নির্দেশনা উল্লিখিত আমদানি নীতি আদেশের কার্যকারিতার তারিখ হইতে আর বলবৎ নাই মর্মে গণ্য হইবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে স্পষ্টীকরণের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার খালিদুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন-৭১২০৩৭৫

(পুনঃমুদ্রিত)

আমদানি নীতি আদেশ
২০০৩-২০০৬

- ২৪.৭.১.৩ তৈয়ারী পোশাক রপ্তানির ক্ষেত্রে মূল্য সংযোজনের সম্পূর্ণ পরিমাণ/অংক বাংলাদেশে প্রত্যাশন করিতে হইবে। মূল্য সংযোজনের ন্যূনতম হার নিম্নরূপ হইতে হইবে, যাঃ
- ২৪.৭.১.৩.১ নীট পোশাক রপ্তানির ক্ষেত্রে মূল্য সংযোজনের ন্যূনতম হার হইবে শতকরা বিশ ভাগ;
- ২৪.৭.১.৩.২ সকল নন-কোটা ক্যাটাগরীর ওভেন পোষাক রপ্তানির ক্ষেত্রে ন্যূনতম মূল্য সংযোজনের হার হইবে শতকরা বিশ ভাগ;
- ২৪.৭.১.৩.৩ কোটা ক্যাটাগরীর প্রতি ডজন এফওবি চল্লিশ মার্কিন ডলার পর্যন্ত মূল্যের ওভেন পোষাক রপ্তানির ক্ষেত্রে ন্যূনতম মূল্য সংযোজনের হার হইবে শতকরা বিশ ভাগ;
- ২৪.৭.১.৩.৪ প্রতি ডজন এফওবি চল্লিশ মার্কিন ডলারের অধিক মূল্যের কোটা ক্যাটাগরীর ওভেন পোষাক রপ্তানির ক্ষেত্রে ন্যূনতম মূল্য সংযোজনের হার হইবে শতকরা বিশ ভাগ। তবে কোনক্রমেই ডজন প্রতি মূল্য সংযোজনের হার বার মার্কিন ডলারের কম হইবে না;
- ২৪.৭.১.৩.৫ অধিকতর উচ্চ মূল্যের পোষাক রপ্তানির ক্ষেত্রে মূল্য সংযোজনের হার কোটা ও নন-কোটা অনুযায়ী শতকরা পনের এবং দশ ভাগ হইবে। তবে এই ক্ষেত্রে প্রতি ডজনের এফওবি মূল্য ষাট মার্কিন ডলার বা তাহার অধিক হইতে হইবে;
- ২৪.৭.১.৩.৬ সকল প্রকার স্যুয়েটার রপ্তানির ক্ষেত্রে ন্যূনতম মূল্য সংযোজনের হার হইবে শতকরা বিশ ভাগ; এবং
- ২৪.৭.১.৩.৭ সকল প্রকার শিশু পোষাক রপ্তানির ক্ষেত্রে ন্যূনতম মূল্য সংযোজনের হার হইবে শতকরা পনের ভাগ।